
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন



# পল্লী পরিক্রমা

অক্টোবর-ডিসেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৭

www.brdb.gov.bd

**ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম....**


| | |
|---|---|
| শুদ্ধাচার পুরস্কার প্রদান | ২ |
| উপপরিচালক ও উপ প্রকল্প পরিচালকগণের প্রশিক্ষণ | ২ |
| ডি-নথি, iBAS++ ও এনআইএস বিষয়ক প্রশিক্ষণ | ৩ |
| গরু মোটাতাজাকরণ বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ৪ |
| পিইপি'র কর্মকৌশল নির্ধারণ বিষয়ক কর্মশালা | ৫ |




## মহাপরিচালকের বার্তা

পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড। বিআরডিবি সরকারের নির্দেশনায় ক্ষুধা-দারিদ্র্য ও বৈষম্যমুক্ত দেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

বিআরডিবি'র ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার 'পল্লী পরিক্রমা' এর অক্টোবর-ডিসেম্বর ২০২৪, বর্ষ-৮, সংখ্যা-২৭ প্রকাশিত হলো। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

**আঃ গাফ্‌ফার খান**
**মহাপরিচালক (গ্রেড-১)**

## সেবা কার্যক্রমে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ শ্রেষ্ঠ মাঠকর্মী পুরস্কার প্রদান




১৫ অক্টোবর ২০২৪ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) সেবা কার্য ক্রমে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ শ্রেষ্ঠ মাঠকর্মী পুরস্কার ২০২৪ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, মহোদয় এবং বিআরডিবি'র পরিচালকগণ, যুগ্মপরিচালকগণ, উপপরিচালকগণ ও জেলার কর্মকর্তা-কর্মচারীগণ। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব নাদিরা হায়দার, পরিচালক (সরেজমিন)। মহাপরিচালক মহোদয় বলেন, সরকারি প্রতিষ্ঠান হিসাবে বিআরডিবি গ্রামের হতদরিদ্র মানুষের জীবনমান উন্নয়নে কাজ করে আর এই উন্নয়নমূলক সেবা প্রান্তিক পর্যায়ের মানুষের দুয়ারে পৌছে দেয় বিআরডিবি'র মাঠকর্মীগণ। বহুলাংশে পল্লী উন্নয়নে বিআরডিবি'র অবদান মাঠকর্মীগণের কাজের উপর নির্ভর করে। তিনি বলেন, বিআরডিবি মাঠকর্মীদের উৎসাহিত করার জন্য প্রতিবছর কাজের স্বীকৃতিস্বরূপ শ্রেষ্ঠ মাঠকর্মী পুরস্কার ধারাবাহিকভাবে প্রদান করবে।

## ময়মনসিংহ বিভাগের ৪টি জেলার মাঠ কার্যক্রম পর্যালোচনা বিষয়ক আঞ্চলিক সভা




২৪ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখে জেলা পরিষদ মিলনায়তন, ময়মনসিংহ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) ময়মনসিংহে বিভাগের ৪টি জেলার মাঠ কার্যক্রম পর্যালোচনা বিষয়ক এক আঞ্চলিক সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি এবং প্রকল্প পরিচালক (পজীপ-৩), যুগ্মপরিচালক (সিসিএম), উপপরিচালকগণ, সভাপতি-ইউসিসিএ, জেলার কর্মকর্তা-কর্মচারীগণ এবং সুফলভোগীগণ। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব নাদিরা হায়দার, পরিচালক (সরেজমিন), বিআরডিবি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পরিক্রমা

অক্টোবর-ডিসেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৭

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসাবে শুদ্ধাচার পুরস্কার প্রদান

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসাবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর সদর কার্যালয়ের কর্মকর্তা- কর্মচারীদের মধ্যে সর্বোচ্চ নম্বর ও এনআইএস কমিটির সুপারিশের ভিত্তিতে ১জন সহকারী পরিচালক, ১জন স্টেনোটাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর ও ১জন অফিস সহায়কের মাঝে শুদ্ধাচার পুরস্কার বিতরণ করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্‌ফার খান (গ্রেড-১) মহোদয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব সরদার মোঃ কেরামত আলী, পরিচালক (পরিকল্পনা), জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, পরিচালক (প্রশিক্ষণ), বিআরডিবি'র যুগ্মপরিচালক, উপপরিচালকসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ। মহাপরিচালক মহোদয় বলেন, বিআরডিবি'তে শুদ্ধাচার প্রতিষ্ঠায় আমরা প্রতিজ্ঞাবদ্ধ। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সব দপ্তর-সংস্থার মধ্যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে আমাদের অবস্থান সন্তোষজনক। একজন সরকারি কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কারে মনোনীত হওয়ার জন্য ১৮টি গুণ থাকতে হয় এবং কর্মচারীকে অবশ্যই ১০০ এর মধ্যে ৮০ নম্বর পেতে হয়। আমাদের কর্মকর্তা-কর্মচারীগণ সব ক্ষেত্রে এতটাই ভাল করেছে যে চূড়ান্তভাবে ৩ জনকে মনোনীত করার কাজটি খুবই কঠিন হয়ে পড়েছিল। যারা এই সুবিশাল কর্মযজ্ঞের সাথে জড়িত ছিলেন তাদের সবাইকে বিআরডিবি'র পক্ষে থেকে জানাই কৃতজ্ঞতা।




## বিআরডিবি'র জেলা/মাঠ পর্যায়ে কর্মরত উপপরিচালক ও উপ প্রকল্প পরিচালকগণের প্রশিক্ষণ




১৫ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর সদর কার্যালয়ের সম্মেলন কক্ষে বিআরডিবি'র জেলা/মাঠ পর্যায়ে কর্মরত উপপরিচালক ও উপপ্রকল্প পরিচালকগণের তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও সুশাসন বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, মহোদয়। এ সময় আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ শহিদুল ইসলাম (এনডিসি), পরিচালক (অর্থ) ও জনাব ড. মোঃ মোকতার হোসেন (যুগ্মসচিব), পরিচালক (প্রশাসন) এবং জেলা থেকে আগত উপপরিচালক ও উপ প্রকল্প পরিচালকগণ। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ নাসির উদ্দীন (অতিরিক্ত সচিব), পরিচালক (প্রশিক্ষণ)। অনুষ্ঠানের প্রধান অতিথি বলেন, কেউ তথ্য প্রাপ্তির জন্য আবেদন করলে আপনারা তথ্য অধিকার আইনের আওতায় ব্যক্তির চাহিত তথ্য যথাসময়ে সরবরাহ করবেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন
পল্লী পরিক্রমা
অক্টোবর-ডিসেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৭



সিটিজেন্স চার্টার মিটিং চিত্র-০১




প্রশিক্ষণ চিত্র-০২




প্রশিক্ষণ চিত্র-০৩




প্রশিক্ষণ চিত্র-০৪

অক্টোবর-ডিসেম্বর-২০২৪ মাসের মধ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের কাজের গতিশীলতা এবং দপ্তরিক কাজে দক্ষতা আনয়নের লক্ষ্যে বিআরডিবি'র সদর দপ্তরে ডি-নথি ব্যবস্থাপনা ও iBAS++, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, সিটিজেন্স চার্টার, তথ্য অধিকার এবং আচরণবিধি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়। জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি মহোদয় প্রশিক্ষণ বিষয়ে বলেন, প্রশিক্ষণ একটি প্রতিষ্ঠানের কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধির সহায়ক এবং নতুন কর্মীদের কাজের সাথে পরিচিত ও কাজ সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞানদান করে। ফলে প্রশিক্ষণার্থীদের কাজের প্রতি অধিক আগ্রহী করে তোলে ও তাদের দক্ষতা বৃদ্ধি পায় এবং কর্মজ্ঞানের পরিধি বাড়ে। তাই কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা আবশ্যক। তিনি আরও বলেন, সুফলভোগীদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্যও প্রশিক্ষণ অত্যাবশ্যক।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পারিক্রমা

অক্টোবর-ডিসেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৭

# রাঙ্গামাটি পার্বত্য জেলার তত্ত্বাবধায়নে পল্লী প্রগতি কর্মসূচির সুফলভোগী সদস্যদের গাভী পালন ও গরু মোটাতাজাকরণ বিষয়ে তিন দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলার তত্ত্বাবধায়নে পল্লী প্রগতি কর্মসূচির সুফলভোগী সদস্যদের গাভীপালন ও গরু মোটাতাজাকরণ বিষয়ে তিন দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মিজানুর রহমান, প্রকল্প পরিচালক, পল্লী প্রগতী কর্মসূচি, বিআরডিবি, ঢাকা এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মোঃ এনামুল হক, উপপরিচালক, বিআরডিবি, রাঙ্গামাটি পার্বত্য জেলা ও বিআরডিবি'র রাঙ্গামাটি পার্বত্য জেলার কর্মকর্তা-কর্মচারীগণ এবং পল্লী প্রগতী কর্মসূচির সুফলভোগীগণ। অনুষ্ঠানের প্রধান অতিথি বলেন, আপনাদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন ঘটনোর জন্য সরকার বিআরডিবি'র মাধ্যমে বিভিন্ন প্রকল্প গ্রহণ করে থাকে। আমি বিশ্বাস করি আপনারা তিন দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করে এবং বিআরডিবি থেকে আর্থিক সহায়তা নিয়ে গাভী পালন ও গরু মোটাতাজাকরণ করে নিজেদের ভাগ্যের উন্নয়ন ঘটাতে পারবেন।




# নতুন সাজে ও বাহারি পণ্যে বিআরডিবি'র পল্লী পণ্যের বিপণী কারুপল্লী




স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও মনবায় মন্ত্রণালয়ের মাননীয় সাবেক উপদেষ্টা (প্রয়াত) জনাব এ, এফ, হাসান আরিফ মহোদয়ের নির্দেশে এবং বর্তমান উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ও জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি মহোদয়গণের প্রত্যক্ষ দিক-নির্দেশনায় কারুপল্লী এখন নতুন সাজে ও বাহারি পল্লী পণ্যের বিপণন কেন্দ্র। কারুপল্লীর অনলাইন ই-কমার্স চালুর কাজ চলমান রয়েছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) বাস্তবায়নাধীন সমিতির আওতাভূক্ত সংগঠিত/ অসংগঠিত সদস্যদের উৎপাদিত পণ্যসমূহ কারুপল্লীর মাধ্যমে বাজারজাতকরণ করা হয়। এছাড়াও উন্নত মানের পণ্য উৎপাদনের ধারনা দেয়া হয়। মহাপরিচালক বিআরডিবি মহোদয় বলেন, বিআরডিবি'র পক্ষ থেকে কারুপল্লীর আধুনিকায়ন ও বাজার সম্প্রসারণে সব ধরণের সহোযগিতা করা হবে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পারিক্রমা

অক্টোবর-ডিসেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৭




**যোগাযোগ:**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ ,কাওরান বাজার , ঢাকা ।

ফোন : ০২-৫৫০১১৭৩৪
মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২
Email : ddprc@brdb.gov.bd
Web : www.brdb.gov.bd

www.facebook.com/brdb.gov/
www.youtube.com/channel UC6JvyUA74AJFYtIqNEPHs0A featured
https://twitter.com/_BRDB



০৩ নভেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) মহাপরিচালক জনাব আঃ গাফ্‌ফার খান (গ্রেড-১) মহোদয় পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীক) এর ইসলামাবাদ মহিলা পল্লী উন্নয়ন দল, সিলেট সদর, সিলেট পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন জনাব বকুল চন্দ্র রায়, পরিচালক, বিআরডিটিআই, সিলেট ও জনাব মরিয়ম দিলসাদ মনি, উপপরিচালক, সিলেট এবং সিলেট জেলার সিলেট সদর, ওসমানীনগর, বালাগঞ্জ ও কোম্পানীগঞ্জ; উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ ও সমিতির সুফলভোগী সদস্যগণ।





০৫ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) ফরিদপুর জেলায় বিআরডিবি'র আওতায় বাস্তবায়নাধীন উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচির (পিইপি) কর্মকৌশল নির্ধারণ বিষয়ক কর্মশালা ও মাঠ কার্যক্রম পর্যালোচনা বিষয়ক এক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, মহোদয় এবং জনাব কল্লোল সরকার, প্রকল্প পরিচালক (পিইপি), জনাব ফারুক আহমেদ জোয়ার্দ্দার, যুগ্মপরিচালক (সিসিএম), বিভিন্ন জেলার উপপরিচালকগণ ও ইউসিসিএ লিঃ এর সভাপতি, জেলার কর্মকর্তা-কর্মচারীগণ এবং সুফলভোগীগণ। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব নাদিরা হায়দার, পরিচালক (সরেজমিন), বিআরডিবি। মহাপরিচালক মহোদয় বলেন, বৃহত্তর ফরিদপুর অঞ্চলের মানুষের আর্থসামাজিক উন্নয়নে উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচির (পিইপি) অবদান অপরিসীম এবং পিইপি বিআরডিবি'র অন্যতম সফল কর্মসূচি।